# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ মুসলিমদের সাথে মুনাফিকদের আচরণের বিবরণ

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصْفِ عِشْرَةِ الْمُنَافِقِ لِلْمُسْلِمِينَ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا عُتْبَةُ بْنُ عبد الله اليحمدي حدثنا بن الْمُبَارَكِ عَنْ مُحَمَّدِ بْنِ سُوقَةَ عَنْ أَبِي جَعْفَرٍ عَنْ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ أَنَّهُ كَانَ يَقُصُّ بِمَكَّةَ وَعِنْدَهُ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ وَعَبْدُ اللَّهِ بْنُ صَفْوَانَ وَنَاسٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ عُبَيْدُ بْنُ عُمَيْرٍ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "مَثَلُ الْمُنَافِقِ كَمَثَلِ الشَّاةِ بَيْنَ الْغَنَمَيْنِ إِنْ مَالَتْ إِلَى هَذَا الْجَانِبِ نُطِحَتْ وَإِنْ مَالَتْ إِلَى هَذَا الْجَانِبِ نُطِحَتْ" قَالَ ابْنُ عُمَرَ: لَيْسَ هَكَذَا فَغَضِبَ عُبَيْدُ بْنُ عُمَيْرٍ وَقَالَ: تَرُدُّ عَلَيَّ؟ قَالَ: إِنِّي لَمْ أَرُدَّ عَلَيْكَ إِلَّا أَنِّي شَهِدْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ قَالَ: فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ صَفْوَانَ: فَكَيْفَ قَالَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ؟ قَالَ: "بَيْنَ الرَّبِيضَيْنِ" قَالَ: يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ بَيْنَ الرَّبِيضَيْنِ وَبَيْنَ الْغَنَمَيْنِ سَوَاءٌ قَالَ: كَذَا سَمِعْتُ كَذَا سَمِعْتُ وَكَانَ ابْنُ عُمَرَ إِذَا سَمِعَ شَيْئًا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَعْدُهُ وَلَمْ يَقْصُرْ دُونَهُ.

الراوي : الْعَلَاءِ بْن عَبْدِ الرَّحْمَنِ عَنِ أَنَسِ بْنِ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 264 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৬৪. আবু জা‘ফার রহিমাহুল্লাহ বর্ণনা করেন, উবাইদ বিন উমাইর রাদ্বিয়াল্লাহু আনহু মক্কায় আলোচনা করছিলেন এসময় তাঁর কাছে আব্দুল্লাহ বিন উমার, আব্দুল্লাহ বিন সাফওয়ান এবং নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর অন্যান্য সাহাবীগণও ছিলেন। উবাইদ বিন উমাইর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “মুনাফিকের দৃষ্টান্ত হলো দুই ছাগলের মাঝে অবস্থানকারী ছাগীর ন্যায়, যদি সে এদিকে

ধাবিত হয়, তাকে গুতা মারা হয় আর যদি ওদিকে ধাবিত হয়, তবুও তাকে গুতা মারা হয়।” তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন: “হাদীসটি এভাবে নয়।” তখন উবাইব বিন উমাইর রাদ্বিয়াল্লাহু আনহু রেগে গেলেন এবং বললেন: “আপনি আমার প্রতিবাদ করছেন?” তিনি বলেন: “আমি আপনার প্রতিবাদ করছি না তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন হাদীসটি বলেন, তখন আমি তাঁর কাছে উপস্থিত ছিলাম।” তখন আব্দুর রহমান বিন সাফওয়ান রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: “হে আবু আব্দুর রহমান, হাদীসটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিভাবে বলেছেন?” তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “بَيْنَ الرَّبِيضَيْنِ (দুই ছাগলের মাঝখানে)”তখন আব্দুর রহমান বিন সাফওয়ান রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: “হে আবু আব্দুর রহমান, بَيْنَ الرَّبِيضَيْنِ আর بَيْنَ الْغَنَمَيْنِ তো একই কথা!” তখন তিনি বলেন: “এভাবেই আমি শুনেছি। এভাবেই আমি শুনেছি। এভাবেই আমি শুনেছি “ রাবী বলেন, আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে কোন কিছু শুনলে, তাতে সামান্য পরিমানেও কোন কম-বেশি করতেন না।[1]

## ফুটনোট

[1] হুমাইদী: ৬৮৮; দারেমী: ১/৯৩; মুসনাদ আহমাদ: ২/৮২।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওদ্ব: ৫৫৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ জা'ফার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88563

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন